

সংসদ সর্বোচ্চ অধাধিকার
অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অধিশাখা-৪

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮ অগ্রহায়ণ ১৪২২

২২ নভেম্বর ২০১৫

স্মারক : ৪৩.০০.০০০০.১১৫.০৪.১২(অংশ-২)-৪৫৮

বিষয় : ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১০ম বৈঠকের কার্যবিবরণীর সিদ্ধান্ত প্রেরণ।

সূত্র : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের স্মারক: ১১.০০.০০০০.৭০৮.৪৬.০১৯.১৪/২২৮, তারিখ: ১১ নভেম্বর ২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রবদ্ধ পত্রের আলোকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১০ম বৈঠকের কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বিপরীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরত অগ্রগতি প্রতিবেদন আগামী ০৪ কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য যথানির্দেশ অনুরোধ করা হলো:

ক্রমিক	সিদ্ধান্ত	দায়িত্বশাস্ত দপ্তর/সংস্থা/ মন্ত্রণালয়ের শাখা
(ক)	অর্গানোগ্রাম সংশোধনপূর্বক জেলা শিল্পকলা একাডেমিসমূহে একটি করে মাইক্রোবাস ক্রয়ের প্রস্তাব টিওএন্ডইতে অন্তর্ভুক্ত করা;	অধিশাখা-৭, সবিম/ শিল্পকলা একাডেমী
(খ)	জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত নৃগোষ্ঠীর তালিকা পরীক্ষা নিরীক্ষা করে তা চূড়ান্ত করে কমিটির বৈঠকে উপস্থাপন করা;	অধিশাখা-৭, সবিম
(গ)	প্রতিটি বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে শিল্পকলা একাডেমিসমূহের বর্তমান অবস্থা কী সে সম্পর্কে একটি পূর্ণাঙ্গ বিবরণ আগামী বৈঠকে উপস্থাপন করা;	শিল্পকলা একাডেমী
(ঘ)	মাননীয় অর্থ মন্ত্রী মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাতের পূর্বে বর্তমান অর্থবছরে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটে খাতওয়ারী বরাদ্দের বাইরে কী পরিমাণ বরাদ্দ পেলে মন্ত্রণালয় নতুন নতুন প্রকল্প গ্রহণ করে সামনের দিকে অগ্রসর হতে পারে সে সম্পর্কিত একটি চাহিদাপত্র প্রস্তুত করে কমিটিতে উপস্থাপন এবং দ্রুততম সময়ে কমিটি কর্তৃক বিষয়টি নিয়ে মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাত করা;	পরিকল্পনা উইং/ সকল দপ্তর/ অধিদপ্তর/সংস্থা।
(ঙ)	জেলা পর্যায়ে এলজিইডি কর্তৃক নির্মিত শিল্পকলা একাডেমির অডিটরিয়ামগুলোর সাইড সিস্টেম উন্নত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ করা;	শিল্পকলা একাডেমী
(চ)	শিল্পকলা একাডেমি কর্তৃক আগামী দিনে কী কী কর্মসূচি গ্রহণ করা হবে সে সম্পর্কিত একটি কার্যপত্র প্রস্তুত করে আগামী বৈঠকে উপস্থাপন করা;	শিল্পকলা একাডেমী
(ছ)	পর্যটকদের আকৃষ্ট করার লক্ষ্যে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অধীন ৪৫১টি স্থাপনা সংরক্ষণ ও উন্নয়নকল্পে আরো অর্থ বরাদ্দের পাশাপাশি এ খাতে টিকেট বিক্রি বাবদ প্রাপ্ত আয় যাতে নিজস্ব ডিপার্টমেন্টের সংরক্ষণ ও মেরামত কাজে ব্যয় করা যায় সে ব্যাপারে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অর্থ মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পেশ করা;	প্রত্নতত্ত্ব অধিদপ্তর/ শাখা-৬, সবিম
(জ)	উপজেলা পর্যায়ে ব্যানবেইস এর রিসোর্স সেন্টার নির্মাণ প্রকল্পের পরিবর্তে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন শিল্পকলা একাডেমি ভবনেই গণগ্রন্থাগার স্থাপন করার পদক্ষেপ গ্রহণ করা;	শিল্পকলা একাডেমী/ গণগ্রন্থাগার অধিদপ্তর
(ঝ)	সাম্প্রতিক সময়ে কোন কোন দেশে সাংস্কৃতিক টিম গেছে এবং আগামীতে যাবে তার তালিকা আগামী বৈঠকে পেশ করা।	শাখা-৫, সবিম

সংযুক্তি: যথাবর্ণনা।

হাসনা

২২.১১.১৫
হাসনা জাহান খানম

উপসচিব

ফোন: ৯৫৭০৬৬৫

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
- ৬। পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ধানমন্ডি, ঢাকা।
- ৮। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, গুলিস্থান, ঢাকা।

- ৯। রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরবাংলা নগর, ঢাকা।
- ১০। উপসচিব-২/উপসচিব-৩/উপসচিব(অধিশাখা-৭)/উপপ্রধান/সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
- ১২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
- ১৩। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
- ১৪। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার।
- ১৫। ভারপ্রাপ্ত পরিচালক, কক্সবাজার সাংস্কৃতি কেন্দ্র, কক্সবাজার।
- ১৬। ভারপ্রাপ্ত পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাংগামাটি।
- ১৭। ভারপ্রাপ্ত পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
- ১৮। ভারপ্রাপ্ত পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি/গার্ড ফাইল।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-৮

বিষয় : ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১০ম বৈঠকের কার্যবিবরণী।

সভাপতি : বেগম সিমিন হোসেন (রিমি) এম.পি (১৯৭ গাজীপুর-৪)
তারিখ : ২৫ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ (১০ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ)
বার : রবিবার
সময় : বিকালঃ ৩-০০ : ঘটিকা
স্থান : ক্যাবিনেট কক্ষ, ২য় লেভেল, জাতীয় সংসদ ভবন, ঢাকা।

২। বৈঠকে নিম্নবর্ণিত মাননীয় সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

ক্রমিক সং	নাম	নিবাচনী এলাকা	পদবী
১।	জনাব আসাদুজ্জামান নূর	১৩ নীলফামারী-২	সদস্য
২।	জনাব কাজী কেরামত আলী	২০৯ রাজবাড়ী-১	সদস্য
৩।	জনাব পংকজ নাথ	১২২ বরিশাল-৪	সদস্য
৪।	জনাব পিনু খান	৩২৩ মহিলা আসন-২৩	সদস্য
৫।	জনাব জেবুন্নেছা আফরোজ	১২৩ বরিশাল-৫	সদস্য

৩। বৈঠকে সহায়তা প্রদানের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব আক্তারী মমতাজ, গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় যাদুঘরের মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালকসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৪। বৈঠকে সাচিবিক সহায়তা প্রদানের জন্য উপ-সচিব (অর্থ ও বাজেট ব্যবস্থাপনা) ও কমিটি সচিব ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া, কমিটি অফিসার জনাব মোঃ মোস্তফা কামাল, উপ-পরিচালক(রিপোর্টিং) এবং সহকারী পরিচালক(গণসংযোগ)সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৫। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বৈঠকের কাজ শুরু করেন।

৬। বিগত ৯ম বৈঠকের কার্যবিবরণী অনুমোদন :

৬.১। ভারপ্রাপ্ত সচিব মহোদয় বিগত নবম বৈঠকের কার্যবিবরণী সুন্দরভাবে লিপিবদ্ধ করার জন্য সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি উক্ত কার্যবিবরণীর (ঙ) সিদ্ধান্তের প্রারম্ভে “জেলা পর্যায়ের” শব্দদ্বয়ের পরে “গণগ্রন্থাগার ও” শব্দসমূহ বাতিল করার অনুরোধ করেন।

৬.২। অতঃপর সংশোধিত আকারে সর্বসম্মতিক্রমে বিগত বৈঠকের কার্যবিবরণী অনুমোদিত হয়।

৭। বিগত বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা :

৭.১। ভারপ্রাপ্ত সচিব মহোদয়, বিগত নবম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত একটি কার্যপত্র বৈঠকে উপস্থাপন করেন। তিনি সংক্ষিপ্ত ব্যাখ্যায় বলেন, এ পর্যন্ত পরিকল্পনা কমিশনে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ৪৪টি ডিপিপি দাখিল করা হয়েছে যার ১৫টি অনুমোদিত হয়েছে। বাকি ৩৫টি ডিপিপি যাতে দ্রুত অনুমোদিত হয় সে ব্যাপারে তিনি সংসদীয় স্থায়ী কমিটির পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রীর পাশাপাশি মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাত করার অনুরোধ জানান। তিনি সংসদীয় কমিটি ও মাননীয় মন্ত্রীর বক্তব্য অনুযায়ী শিল্প-সংস্কৃতির প্রসার ও সংরক্ষণকল্পে নতুন নতুন কর্মসূচি গ্রহণ করার আশাবাদ ব্যক্ত করেন এবং এক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া শিল্পকলা একাডেমি সংক্রান্ত আলোচনায় তিনি বলেন, যেখানে মুক্তমঞ্চ করা হচ্ছে সেখানে ভবিষ্যতে অডিটরিয়াম থাকবে কিনা তা নিয়ে স্থানীয় সরকার বিভাগের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা দরকার।

৭.২। মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য জনাব আসাদুজ্জামান নূর বলেন, জেলা শিল্পকলা একাডেমিসমূহে একটি করে মাইক্রোবাস প্রদান করে হলে জেলা ও উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক কর্মকান্ড আরো সুন্দরভাবে পরিচালিত হবে। এ বিবেচনা থেকেই বিগত বৈঠকে মূলত তার সাথে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক কর্মকান্ড পরিচালনার জন্য একটি করে মাইক্রোবাস প্রদান করার সুপারিশ করা হয়েছিল। তিনি বলেন, উপজেলা পর্যায়ে শিল্পকলা একাডেমির একটি করে মুক্তমঞ্চ, একটি মহড়াকক্ষ, একটি বিশ্রামাগার এবং পাশাপাশি সেখানে যাতে ভবিষ্যতে মিলনায়তন করা যায় সেজন্য কিছু জায়গা সংরক্ষণ করার ব্যাপারে সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন শ্রুত গতিতে এগোচ্ছে উল্লেখ করে জনাব পংকজ নাথ এম.পি ক্ষোভ প্রকাশ করেন এবং গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। মাননীয় মন্ত্রী সদস্য জনাব পংকজ নাথের বক্তব্যের সাথে একমত পোষণ করে বলেন, অর্থাভাবে সাংস্কৃতিক মন্ত্রণালয় কাজিত লক্ষ্য অর্জন করতে পারছে না। এ বিষয়ে তিনি নিজে অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেছেন বলে উল্লেখ করেন। মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাতের পূর্বে বর্তমান অর্থ-বছরে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটে খাতওয়ারী যে বরাদ্দ প্রদান করা হয়েছে তার বাইরে কি পরিমাণ বরাদ্দ পেলে মন্ত্রণালয় সামনের দিকে নতুন নতুন প্রকল্প গ্রহণ করে অগ্রসর হতে পারে সে সম্পর্কিত একটি চাহিদাপত্র প্রস্তুত করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। তিনি সাংস্কৃতিক কর্মকান্ড সম্প্রসারণের জন্য নানা কর্মসূচি গ্রহণের উপর গুরুত্বারোপ করেন এবং এ লক্ষ্যে মন্ত্রণালয়ের অধীন দপ্তরগুলোকে নিয়ে নতুন প্রকল্প প্রণয়ন করার পদক্ষেপ গ্রহণ করবেন বলে কমিটিকে অবহিত করেন।

৭.৩। মাননীয় সদস্য জনাব কাজী কেরামত আলী বলেন, রাজবাড়ী শিল্পকলা একাডেমির অডিটরিয়াম ২০০ আসন বিশিষ্ট। এ ব্যতীত রাজবাড়ী জেলায় আর কোন অডিটরিয়াম নেই। আবার আসন সংখ্যা কম হওয়ায় শিল্পকলা একাডেমিতে সকল অনুষ্ঠান আয়োজন করা সম্ভব হয়না। এ কারণে তিনি অন্যান্য জেলার ন্যায় রাজবাড়ীতে ৪০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম সম্বলিত শিল্পকলা একাডেমি ভবন নির্মাণের জন্য সুপারিশ করেন। তিনি শিল্পকলা একাডেমি খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে স্বাক্ষাত করার জন্য মাননীয় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি ৬৪টি জেলায় শিল্পকলা একাডেমিসমূহের বর্তমান অবস্থা কী সে সম্পর্কিত একটি চিত্রও বৈঠকে তুলে ধরার অনুরোধ জানান।

৭.৪। মাননীয় সদস্য জনাব পংকজ নাথ বলেন, নতুন প্রজন্মকে সামাজিক অবক্ষয় থেকে রক্ষাকল্পে উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক কর্মকান্ড আরো বেগবান করার স্বার্থে অডিটরিয়াম নির্মাণ করা একান্ত অপরিহার্য। তিনি যৌক্তিক কারণ উল্লেখ করে নতুন নতুন প্রকল্প গ্রহণ করে তাতে কী পরিমাণ অর্থের প্রয়োজন তা নিরূপণপূর্বক অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ে একটি সম্পূর্ণক বাজেট পেশ করার জোর সুপারিশ করেন। স্বল্প মেয়াদী সময়ের জন্য হিজলা উপজেলাসহ দেশের অনেক উপজেলায় বিদ্যমান টিন সেডের অডিটরিয়ামগুলোতে কিছু অর্থ বরাদ্দ দিয়ে সংস্কারপূর্বক ব্যবহার উপযোগী করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়া প্রতিটি উপজেলায় শিল্পকলা একাডেমির ৩০০ থেকে ৪০০ আসনের একটি করে অডিটরিয়াম নির্মাণ করার একটি ডিপিপি প্রস্তুত করার সুপারিশ করেন। মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাতের পূর্বে বর্তমান অর্থ-বছরে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটে খাতওয়ারী যে বরাদ্দ প্রদান করা হয়েছে তার বাইরে কী পরিমাণ বরাদ্দ পেলে মন্ত্রণালয় সামনের দিকে নতুন নতুন প্রকল্প গ্রহণ করে অগ্রসর হতে পারে সে সম্পর্কিত একটি চাহিদাপত্র প্রস্তুত করার অনুরোধ জানান।

৭.৫। মাননীয় সদস্য জনাব জেবুল্লাহ আফরোজ বলেন, বর্তমানে বরিশাল শহরের উপকণ্ঠে ময়লা ও আবর্জনা বেষ্টিত এবং অত্যন্ত পুরাতন ও জরাজীর্ণ একতলা বিশিষ্ট একটি শিল্পকলা একাডেমি ভবন রয়েছে। তিনি দুঃখ প্রকাশ করে বলেন যে, কোনভাবেই বরিশাল বিভাগীয় শহরের সাথে শিল্পকলা একাডেমির এই ভবনটি সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি জরুরী ভিত্তিতে বরিশালে একটি পূর্ণাঙ্গ শিল্পকলা একাডেমি ভবন স্থাপন করার জোর দাবী জানান। তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন খাতে আরো বাজেট বরাদ্দ বৃদ্ধির লক্ষ্যে মাননীয় অর্থমন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে কমিটির পক্ষ থেকে সাক্ষাতের দিনক্ষণ নির্ধারণ করার জন্য মাননীয় সভাপতিকে অনুরোধ করেন।

৭.৬। মহাপরিচালক (শিল্পকলা একাডেমি) পরিকল্পনা কমিশনে দাখিলকৃত শিল্পকলা একাডেমির ডিপিপিগুলো দ্রুত অনুমোদনের জন্য মাননীয় অর্থমন্ত্রীর পাশাপাশি মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে কমিটির পক্ষ থেকে সাক্ষাত করার অনুরোধ জানান।

স্বাক্ষর

৭.৭। শিল্পকলা একাডেমির মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী বলেন, জেলা শিল্পকলা একাডেমিসমূহে কোন মাইক্রোবাস সরবরাহ করা হয়নি বিধায় কোন গাড়ি চালকের পদও নেই। সুতরাং এ ক্ষেত্রে জেলা পর্যায়ে শিল্পকলা একাডেমিসমূহে মাইক্রোবাস সরবরাহ করার পূর্বে গাড়িচালকের পদ সৃজনের জন্য বিদ্যমান অর্গানোগ্রাম পরিবর্তন করা দরকার বলে তিনি মনে করেন।

৭.৮। সভাপতি শিল্পকলা একাডেমির মহাপরিচালক মহোদয়ের বক্তব্য অনুযায়ী অর্গানোগ্রাম সংশোধনপূর্বক জেলা শিল্পকলা একাডেমিসমূহে একটি করে মাইক্রোবাস ক্রয়ের প্রস্তাবটি টিওএন্ডইতে অন্তর্ভুক্ত করার পরামর্শ দেন। জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত নৃ-গোষ্ঠীর তালিকা পরীক্ষা-নিরীক্ষা করে কত দিনের মধ্যে তা চূড়ান্ত করা হবে সে ব্যাপারে তিনি একটি সময় নির্ধারণ করার পরামর্শ দেন। তিনি দেশব্যাপী বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে শিল্পকলা একাডেমিসমূহের বর্তমান অবস্থার সার্বিক তথ্য সম্বলিত একটি কার্যপত্র আগামী বৈঠকে তুলে ধরার পরামর্শ দেন। মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাতের পূর্বে বর্তমান অর্থ-বছরে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটে খাতওয়ারী যে বরাদ্দ প্রদান করা হয়েছে তার বাইরে কী পরিমাণ বরাদ্দ পেলে মন্ত্রণালয় সামনের দিকে নতুন নতুন প্রকল্প গ্রহণ করে অগ্রসর হতে পারে সে সম্পর্কিত একটি চাহিদাপত্র প্রস্তুত করার জন্য ভারপ্রাপ্ত সচিব মহোদয়কে পরামর্শ দেন। তিনি অতি দ্রুততম সময়ে উক্ত চাহিদাপত্র সহকারে কমিটির মাননীয় সদ্যগণকে নিয়ে মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাত করার আশাবাদ ব্যক্ত করেন। বঙ্গবন্ধুর সোনার বাংলায় সোনার মানুষ গড়ার ক্ষেত্রে শিল্পকলা একাডেমির গুরুত্ব অপরিসীম বলে তিনি উল্লেখ করেন। তিনি জেলা পর্যায়ে এলজিইডি কর্তৃক নির্মিত শিল্পকলা একাডেমির অডিটোরিয়ামগুলোর সাউন্ড সিস্টেম উন্নত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা এবং শিল্পকলা একাডেমি আগামী দিনে কি কি কর্মসূচি গ্রহণ করতে যাচ্ছে সে সম্পর্কিত একটি কার্যপত্র প্রস্তুত করার পরামর্শ দেন। তিনি প্রত্নতাত্ত্বিক স্থাপনাসমূহ সঠিকভাবে রক্ষণাবেক্ষণের স্বার্থে করণীয় সম্পর্কে একটি কর্মপরিকল্পনা গ্রহণ করারও পরামর্শ দেন।

৮। আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জন্য খসড়া আইন প্রণয়নের অগ্রগতি পর্যালোচনা :

৮.১। পরিচালক (আরকাইভস) বলেন, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জন্য খসড়া আইন প্রণয়নের উদ্দেশ্যে ১টি খসড়া প্রস্তাব মন্ত্রণালয়ে পেশ করা হয়েছে যা সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনা করে চূড়ান্ত করা হবে।

৯। উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপনের অগ্রগতি পর্যালোচনা :

৯.১। গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক কমিটিকে জানান যে, উপজেলা সরকারি গণগ্রন্থাগার স্থাপনের লক্ষ্যে আলাদা ডিপিপি দাখিল করা হলে কিছু কিছু বিষয় অন্তর্ভুক্ত করে পুনরায় পেশ করার নির্দেশ দেয়া হয়। পরবর্তীতে উক্ত ডিপিপি দাখিল করার প্রাক্কালে জানা যায় যে, ব্যানবেইস এর আওতাধীন উপজেলা পর্যায়ে যে রিসোর্স সেন্টার নির্মাণ প্রকল্প রয়েছে সেই প্রকল্পে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার স্থাপনের কথা বলা হয়েছে। তিনি একনেক-এর উক্ত সিদ্ধান্ত রহিত করার ব্যাপারে কমিটির দৃষ্টি আকর্ষণ করেন।

৯.২। ভারপ্রাপ্ত সচিব মহোদয় বলেন, জায়গা স্বল্পতার কারণে একই ভবনে শিল্পকলা একাডেমি ও গণগ্রন্থাগার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন, উপজেলা পর্যায়ে ব্যানবেইস এর রিসোর্স সেন্টার নির্মাণ প্রকল্পে কোন পরিকল্পনার ভিত্তিতে গণগ্রন্থাগার স্থাপন করার কথা বলা হচ্ছে সে বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনার প্রয়োজনীয়তা রয়েছে।

৯.৩। মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য জনাব আসাদুজ্জামান নূর বলেন, অনেক উপজেলা শহর এমন ছোট আকারের যে, সেখানে জায়গা পাওয়া খুবই কঠিন। সে কারণে যেখানে জায়গা পাওয়া যাচ্ছে সেখানে শিল্পকলা একাডেমির একই ভবনে গণগ্রন্থাগার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। একই ভাবে যে ১২টি মুক্তমঞ্চ করার অনুমতি পাওয়া গেছে সেখানে গণগ্রন্থাগার স্থাপন করা হবে বলে তিনি কমিটিকে অবহিত করেন।

৯.৪। সভাপতি ব্যানবেইস এর রিসোর্স সেন্টার নির্মাণ প্রকল্পের পরিবর্তে যাতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন শিল্পকলা একাডেমি ভবনেই গণগ্রন্থাগার স্থাপন করা হয় সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন।

১০। বিবিধ :

১০.১। ভারপ্রাপ্ত সচিব বলেন, নারায়নগঞ্জ জেলায় সোনারগাঁও এর পানাম সিটির চারিদিকে কাটা তারের বেটনি করা হয়েছে এবং সেখানে সম্প্রতি লোকজ কারু শিল্পের প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল যা অনেক দর্শক টিকেট কেটে উপভোগ করেছেন।

১০.২। এ পর্যায়ে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ আলতাফ হোসেন জানান যে, নারায়নগঞ্জ জেলায় সোনারগাঁও এর পানাম সিটিকে আগামী ১০ বছরের মধ্যে যাতে আমাদের ইতিহাস ও ঐতিহ্য সম্বলিত একটি পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তুলে দেশী/বিদেশী পর্যটকদের আকৃষ্ট করা যায় সেজন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। পানাম সিটি উপভোগ করার জন্য দর্শক প্রতি ১৫ টাকা করে টিকেটের ব্যবস্থা করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন। তবে টিকেট বাবদ যে টাকা আয় হচ্ছে সেটি যাতে উক্ত স্থাপত্যের সংরক্ষণ ও উন্নয়নের জন্য ব্যয় করা যায় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য কমিটিকে তিনি অনুরোধ জানান। তিনি ময়নামতি প্রত্নতত্ত্ব যাদুঘর পরিদর্শন করার জন্য কমিটিকে আমন্ত্রণ জানান।

১০.৩। মাননীয় সদস্য জনাব কাজী কেরামত আলী সাম্প্রতিক সময়ে কোন্ কোন্ দেশে সাংস্কৃতিক টিম গেছে এবং আগামীতে যাবে তার একটি তালিকা আগামী বৈঠকে পেশ করার জন্য অনুরোধ জানান।

১০.৪। সভাপতি পর্যটকদের আকৃষ্ট করার লক্ষ্যে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অধীন ৪৫১টি স্থাপনার সংরক্ষণ ও উন্নয়নকল্পে আরো অর্থ বরাদ্দের উপর গুরুত্বারোপ করেন এবং এ খাতে টিকেট বাবদ যে আয় হয় তা যাতে নিজস্ব ডিপার্টমেন্ট সংরক্ষণ ও মেরামত কাজে ব্যয় করতে পারে সে ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পেশ করার জন্য ভারপ্রাপ্ত সচিব মহোদয়কে নির্দেশনা প্রদান করেন।

১১। বিস্তারিত আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

- (ক) অর্গানোগ্রাম সংশোধনপূর্বক জেলা শিল্পকলা একাডেমিসমূহে একটি করে মাইক্রোবাস ক্রয়ের প্রস্তাব টিওএন্ডইতে অন্তর্ভুক্ত করা;
- (খ) জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত নৃ-গোষ্ঠীর তালিকা পরীক্ষা নিরীক্ষা করে তা চূড়ান্ত করে কমিটির বৈঠকে উপস্থাপন করা ;
- (গ) প্রতিটি বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে শিল্পকলা একাডেমিসমূহের বর্তমান অবস্থা কী সে সম্পর্কে একটি পূর্ণাঙ্গ বিবরণ আগামী বৈঠকে উপস্থাপন করা;
- (ঘ) মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাতের পূর্বে বর্তমান অর্থ-বছরে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটে খাতওয়ারী বরাদ্দের বাইরে কী পরিমাণ বরাদ্দ পেলে মন্ত্রণালয় নতুন নতুন প্রকল্প গ্রহণ করে সামনের দিকে অগ্রসর হতে পারে সে সম্পর্কিত একটি চাহিদাপত্র প্রস্তুত করে কমিটিতে উপস্থাপন এবং দ্রুততম সময়ে কমিটি কর্তৃক বিষয়টি নিয়ে মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সাথে সাক্ষাত করা;
- (ঙ) জেলা পর্যায়ে এলজিইডি কর্তৃক নির্মিত শিল্পকলা একাডেমির অডিটরিয়ামগুলোর সাউন্ড সিস্টেম উন্নত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ করা;
- (চ) শিল্পকলা একাডেমি কর্তৃক আগামী দিনে কী কী কর্মসূচি গ্রহণ করা হবে সে সম্পর্কিত একটি কার্যপত্র প্রস্তুত করে আগামী বৈঠকে উপস্থাপন করা;
- (ছ) পর্যটকদের আকৃষ্ট করার লক্ষ্যে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অধীন ৪৫১টি স্থাপনা সংরক্ষণ ও উন্নয়নকল্পে আরো অর্থ বরাদ্দের পাশাপাশি এ খাতে টিকেট বিক্রি বাবদ প্রাপ্ত আয় যাতে নিজস্ব ডিপার্টমেন্টের সংরক্ষণ ও মেরামত কাজে ব্যয় করা যায় সে ব্যাপারে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অর্থ মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পেশ করা;
- (জ) উপজেলা পর্যায়ে ব্যানবেইস এর রিসোর্স সেন্টার নির্মাণ প্রকল্পের পরিবর্তে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন শিল্পকলা একাডেমি ভবনেই গণগ্রন্থাগার স্থাপন করার পদক্ষেপ গ্রহণ করা;
- (ঝ) সাম্প্রতিক সময়ে কোন কোন দেশে সাংস্কৃতিক টিম গেছে এবং আগামীতে যাবে তার তালিকা আগামী বৈঠকে পেশ করা।

১২। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

সিমিন হোসেন
০৯/১১/১৫

সিমিন হোসেন (রিমি) এম.পি
সভাপতি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ।